তারিখ ..... 07 APR 2017
পৃষ্ঠা ১৭ ..... কলাম .....৬

দৈনিক
ইত্তেফাক



নান্দাইল (ময়মনসিংহ) : মধ্য দেউলডাংরা ভূঁইয়া স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়ার দাবিতে মানববন্ধন পালন করা হয় — ইত্তেফাক

# নান্দাইলে বন্ধ স্কুল খুলে দেওয়ার দাবি

■ নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা

নান্দাইল উপজেলার জাহাঙ্গীরপুর ইউনিয়নের একটি বন্ধ সরকারি প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়ার দাবিতে বৃহস্পতিবার মানববন্ধন করা হয়েছে। মধ্য দেউলডাংরা ভূঁইয়া স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে এলাকার শিশু শিক্ষার্থীসহ স্থানীয় লোকজন মানববন্ধনে অংশ নেয়।

২০১৪-১৫ অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদফতরে বাস্তবায়নাধীন বিদ্যালয়বিহীন এলাকায় ১৫শ বিদ্যালয় শীর্ষক প্রকল্পের আওতায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অর্থায়নে বিদ্যালয় ভবনটি নির্মিত হয়। এরপর ২০১৫ সালের ২৫ জানুয়ারি স্থানীয় সংসদ সদস্য আনোয়ারুল আবেদীন খান তুহিন দেউলডাংরা ভূঁইয়া স্মৃতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন উদ্বোধন করেন। এরপর থেকে বিদ্যালয়টি তালা লাগানো রয়েছে। নেই কোনো শিক্ষার্থী-শিক্ষক, হচ্ছে না লেখাপড়া। বিদ্যালয়টিতে ভবন থাকার পরও শ্রেণি পাঠ না থাকায় স্থানীয় পাঁচ গ্রামের শিশু শিক্ষার্থীদের কষ্ট করে ও ঝুঁকি নিয়ে দূর গ্রামের বিদ্যালয়গুলোতে গিয়ে লেখাপড়া করতে হচ্ছে। মানুষের অধিকার নিয়ে কাজ করা স্থানীয় শ্যামল বাংলা ডিএস ক্লাব নামে একটি সংগঠন এলাকার শিশু ও জনগণকে নিয়ে এ মানববন্ধন করে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনার কলি নাজনীন বলেন, স্থানীয় একটি পক্ষ শিক্ষক নিয়োগের বিষয়ে আদালতে মামলা করায় বিদ্যালয়টি বন্ধ রয়েছে।